



তারিখ ও স্মারক একই রেখে  
পত্রের সংশোধনী আনা হলো

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
web-site : www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/ ১৩২৩

তারিখ : ২৯/১/১৭

বিষয় : অস্থায়ী স্বীকৃতি প্রদান


সূত্র : ২৩-১০-২০১৬ তারিখের মঞ্জুরী কমিটির সভার সিদ্ধান্ত

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রে আপনাকে জানান যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্ত/শর্তসমূহ পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৬ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য আপনার বিদ্যালয়টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হ'ল। প্রকাশ থাকে যে, নিম্নে আরোপিত শর্ত/শর্তসমূহ পূরণ পূর্বক অস্থায়ী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে বিধিমোতাবেক পরবর্তী অস্থায়ী স্বীকৃতির বিষয় বিবেচিত হবে।

আরোপিত শর্তসমূহ :

- ১। অস্থায়ী স্বীকৃতির পত্র ইস্যুর তারিখ হতে আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য ২০০০/- ফিসসহ অত্র বোর্ডে দাখিল করতে হবে। যে সকল বিদ্যালয়ে অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না।
- ২। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ কম্পিউটার সচল থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
- ৩। পাবলিক পরীক্ষার ফলাফলের মান আরও উন্নীত করতে হবে।
- ৪। বিদ্যালয়ে পাঁচ সদস্যের আভ্যন্তরীণ অডিট কমিটি গঠন পূর্বক প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে। অন্যথায় পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবে না। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করবে।
- ৫। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে।
- ৬। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে।
- ৭। বোর্ডের পূর্বনুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবে না।
- ৮। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে।
- ৯। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়ন করতে হবে।
- ১০। কম্পিউটারি প্রভিডেন্স ফাণ্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দের বিধিমোতাবেক যে পরিমাণ চাঁদা কর্তন করবেন স্কল কর্তৃপক্ষ সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর তহবিলে জমা করবেন।


প্রধান শিক্ষক  
ব্রাইট মডেল স্কুল  
ডাকঘর: আলমডাঙ্গা, উপজেলা: আলমডাঙ্গা  
জেলা : চুয়াডাঙ্গা

  
(ড. মোঃ আহসান হাবীব)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর  
ফোন : ০৪২১- ৬৮৬৩৪

স্মারক নং-বিঅ-৬/ ১৩২৩ (১৪)

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হল :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল।
- ৫। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
- ৮। মাধ্যমিক নিবন্ধন বিভাগ, অত্র বোর্ড
- ৯। মাধ্যমিক পরীক্ষা বিভাগ, অত্র বোর্ড
- ১০। সংরক্ষণ নথি

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর